

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী

স্মারক নং- ১৩.০৬.৭৮৭৮.১০৫.০৪৮.৫৭.২০.৩০২

তারিখঃ ১৮/০৭/২০২২ খ্রি.


বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির ডাটাবেজে ভোক্তাদের সঠিক তথ্য নিশ্চিত করণ এবং ইউনিয়ন পরিষদকে এ কার্যক্রমে সহায়তা প্রদান সংক্রান্ত।

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর ১৬ জুন ২০২২ খ্রি. তারিখের ১৭০ নং স্মারক।

২। জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের ১৩ জুলাই ২০২২ খ্রি. তারিখের ৪৭৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র, আনুষঙ্গিক তথ্যাদি ও ছবি যাচাইপূর্বক উপকারভোগীদের ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম শুরু হয়েছে। এমতাবস্থায়, ইউনিয়ন পর্যায়ে এ কর্মসূচি বাস্তবায়নে মির্জাগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব এবং উদ্যোক্তাদেরকে সহায়তা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম জুলাই /২২ মাসের মধ্যে শেষ করতে হবে। দ্রুত বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে প্রয়োজনে একাধিক উদ্যোক্তাকে এ কার্যক্রমে যুক্ত করতে পারবেন। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে আপলোডকৃত তালিকা ধরে অনলাইন ভেরিফাই কার্যক্রম সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ দায়ী থাকবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে মির্জাগঞ্জ উপজেলার ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের অগ্রগতি প্রতি সপ্তাহে অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

উল্লেখ্য যে মির্জাগঞ্জ উপজেলার কিছু ইউনিয়নে ভোক্তাদের তথ্য অনলাইন ভেরিফাই করার বিষয়ে আপলোডকৃত তালিকা ছাড়া অন্য নাম এন্ট্রি করা হচ্ছে বলে শোনা যায়। এ ধরনের অভিযোগ কাম্য নয়। এর দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তিদের উপরই বর্তাবে।


(মোসা. তানিয়া ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

প্রাপক


১. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (সকল)।
২. সচিব, ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (সকল)।
৩. উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (সকল)।

স্মারক নং- ১৩.০৬.৭৮৭৮.১০৫.০৪৮.৫৭.২০.

তারিখঃ ১৮/০৭/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ৫। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী